

বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউটের প্রশিক্ষণ কার্যক্রম



তথ্যপ্রযুক্তির বিস্তৃতি আর উন্নত বিশ্বে সঙ্গের সঙ্গে তাল মিলিয়ে কর্মসংস্থান ব্যবস্থা এখন বেশ চ্যালেঞ্জের। আর এ চ্যালেঞ্জের অন্যতম কারণ হিসেবে বরাবরই দক্ষ জনশক্তি গড়ে তোলার বিষয়টি চলে আসে। সে জন্য কয়েক বছর ধরে সরকার ও অন্যান্য বেসরকারি প্রতিষ্ঠান সাধারণের মাঝে দক্ষ ও প্রযুক্তি ব্যবহারে সক্ষম করে গড়ে তুলতে কাজ করেছে। আর এ প্রকল্পের মধ্যে অন্যতম স্কিলস ফর

অ্যামপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম বা সেইফ উল্লেখযোগ্য। বাংলাদেশ সরকার, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) ও সুইজারল্যান্ড সরকারের অর্থায়নে এবং বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে 'স্কিলস ফর অ্যামপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SEIP)' শিরোনামে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এই প্রকল্পের আওতায় বাইওয়া-লাইট ইঞ্জিনিয়ারিং ট্রেনিং ইনস্টিটিউট বিভিন্ন কারিগরি কোর্সে প্রশিক্ষণ দিয়ে আসছে। ওই প্রশিক্ষণ কার্যক্রমে ভর্তির জন্য আগ্রহীদের কাছ থেকে শিগগিরই দরখাস্ত আহবান করা হয়েছে।

কোর্সের নাম, মেয়াদকাল ও বয়স

১. লেদ মেশিন অপারেশন, ৬ মাস, ৮ম শ্রেণি পাস, ১৮ বছরের বেশি।
 ২. মিলিং মেশিন অপারেশন, ৬ মাস, ৮ম শ্রেণি পাস, ১৮ বছরের বেশি।
 ৩. ওয়েল্ডিং, ৬ মাস, ৮ম শ্রেণি পাস, ১৮ বছরের বেশি।
 ৪. ক্যাড-ক্যাম ডিজাইন, ৬ মাস, এইচএসসি (বিজ্ঞান বিভাগ) অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ১৮ বছরের বেশি।
 ৫. সিএনসি অপারেশন, ১ বছর, এইচএসসি (বিজ্ঞান বিভাগ) অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ১৮ বছরের বেশি।
 ৬. ইলেকট্রিক্যাল, ৪ মাস, ৮ম শ্রেণি পাস, ১৮ বছরের বেশি।
 ৭. রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং, ৪ মাস, ৮ম শ্রেণি পাস, ১৮ বছরের বেশি।
- বি.দ্র : 'ইলেকট্রিক্যাল' ও 'রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং' কোর্স দুটি MAWTS, Mirpur-12-তে পরিচালিত হবে।

প্রশিক্ষণের বৈশিষ্ট্য ও সুবিধা

বৃত্তিসহ সম্পূর্ণ বিনা বেতনে প্রশিক্ষণ। সুবিধাবঞ্চিতদের অগ্রাধিকার প্রদান। মহিলা, উপজাতি ও নুগোষ্ঠীর প্রার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে সুযোগ প্রদান। প্রশিক্ষণার্থীর নাম জাতীয় দক্ষতা ডেটাবেজে অন্তর্ভুক্তিকরণ। প্রশিক্ষণ শেষে কৃতকার্য শিক্ষার্থীকে সার্টিফিকেট প্রদান ও চাকরির সুযোগ। আগে এলে আগে পাবেন এই নীতিতে সীমিতসংখ্যক প্রশিক্ষণার্থীকে ভর্তি করা হবে।

ভর্তির সময় আবশ্যিক

২ কপি পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধনের ফটোকপি এবং শিক্ষাগত যোগ্যতা প্রমাণের প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্র। www.beioa.org.bd এই ওয়েবসাইটে ভর্তি ফরম পাওয়া যাবে। ভর্তি ফরম সংগ্রহ এবং জমাদানের সময়সীমা : ০১.০৯.২০১৬ থেকে ২৫.০৯.২০১৬।